ইত্তেফাক

তারিখ ২৭/৫/৭৯
পৃষ্ঠা··· ··· কলাম··· ···

058

# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

শিক্ষা মন্ত্রণালয়

ঢাকা

নং/শাখা-৬/১-২২/৭৯/-শিক্ষা তারিখ ঃ ১৫ই মে, ১৯৭৯ ইং

## বিষয়ঃ ১৯৭৯-৮০ শিক্ষা বর্ষে পোল্যাণ্ড সরকার কর্তৃক বাংলাদেশকে ৪টি (স্নাতক-পূর্ব) বৃত্তি প্রদান

পোল্যাণ্ড সরকার কর্তৃক প্রদত্ত ৪টি (স্নাতক পূর্ব) বৃত্তির (মাইনিং-১, শীপ বিল্ডিং-১, ইলেকট্রিকাল ইঞ্জিনিয়ারিং-১ এবং এগ্রিকালচার-১) জন্য দরখাস্ত আহ্বান করা যাইতেছে। প্রার্থীদের বয়স ২২ বৎসরের নীচে হইতে হইবে এবং এস,এস, সি ও এইচ,এস,সি বিজ্ঞান বিভাগে ১ম শ্রেণীতে উত্তীর্ণ প্রার্থীরা (গড়ে ৭০%) দরখাস্ত করিতে পারিবেন। পোলিশ ভাষায় অধ্যয়ন করিতে হইবে। নির্বাচিত প্রার্থীদেরকে ৫ (পাঁচ বৎসর যাবৎ পোল্যাণ্ডে অবস্থান ও অধ্যয়ন করিতে হইবে। নির্বাচিত প্রার্থীদেরকে যাতায়াত ভাড়া বহন করিতে হইবে।

২। নাম, পিতার নাম, বর্তমান এবং স্থায়ী ঠিকানা, দূরালাপনী নম্বর (যদি থাকে), বর্তমান অবস্থা, বৈবাহিক মর্যাদা, জন্ম তারিখ এবং ১৯৭৯ ইং তারিখে ১লা মে তারিখে বয়স, নিজ জিলা, বর্তমান চাকুরী (যদি থাকে), সমস্ত মার্কশীট সার্টিফিকেটস প্রশংসাপত্র ইত্যাদির সত্যায়িত অনুলিপি, পূর্ণ শিক্ষাগত যোগ্যতা, শিক্ষা প্রতিষ্ঠানের নাম, ডিভিশন ও পরীক্ষা পাসের বৎসর, সর্বমোট নম্বর-এর বিভিন্ন পরীক্ষায় প্রাপ্ত নম্বরের শতকরা হার, প্রস্তাবিত বিষয় এবং অন্যান্য সংশ্লিষ্ট তথ্য উল্লেখপূর্বক বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হইতে ৩০/৫/৭৯ ইং এর মধ্যে দরখাস্ত আহ্বান করা যাইতেছে। বিভাগীয় প্রার্থীরা/ছাত্ররা প্রতিষ্ঠানের মাধ্যমে দরখাস্ত করিবেন। কোন কারণ না দর্শাইয়া অসম্পূর্ণ দরখাস্ত বাতিল করা হইবে।

(এম, সাদেক আলী),
সহকারী শিক্ষা উপদেষ্টা।

তবম—৩২২৭
স—১৮৩